

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৬

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আযানের ফযীলত।

باب مَا جَاءَ فِي فَضْلِ الأَذَانِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ حُمَيْدِ الرَّازِيُّ، حَدَّثَنَا أَبُو تُمَيْلَةَ، حَدَّثَنَا أَبُو حَمْزَةَ، عَنْ جَابِرٍ، عَنْ مُجَاهِد، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ أَذَّنَ سَبْعَ سِنِينَ مُحْتَسِبًا كُتِبَتْ لَهُ بَرَاءَةٌ مِنَ النَّارِ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ وَتُوْبَانَ وَمُعَاوِيَةَ وَأَنسٍ وَأَبِي هُرَيْرَةَ وَأَبِي سَعِيدٍ . قَالَ أَبُو عِيسَى حَديثُ ابْنِ عَبَّاسٍ حَديثُ عَرِيبٌ . وَأَبُو حَمْزَةَ السُّكَّرِيُّ اسْمُهُ مُحَمَّدُ حَديثُ عَرِيبٌ . وَأَبُو حَمْزَةَ السُّكَّرِيُّ اسْمُهُ مُحَمَّدُ بُنُ مَيْمُونٍ . وَجَابِرُ بْنُ يَزِيدَ الْجُعْفِيُّ ضَعَقُوهُ تَرَكَهُ يَحْيَى بْنُ سَعِيدٍ وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ . قَالَ أَبُو عِيسَى سَمِعْتُ الْجَعْفِيُّ ضَعَقُولُ سَمِعْتُ وَكِيعًا يَقُولُ لَوْلاَ جَابِرٌ الْجُعْفِيُ الْكُوفَةِ بِغَيْرِ فِقْهٍ .

বাংলা

২০৬. মুহাম্মদ ইবনু হুমায়দ আর রাযী (রহঃ) ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন যে ব্যাক্তি ছাওয়াবের আশায় সাত বছর আযান দিবে তাঁর জন্য জাহান্নাম থেকে মুক্তির সদন লিখে দেওয়া হবে। - ইবনু মাজাহ ৭২৭, তিরমিজী হাদিস নম্বরঃ ২০৬ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ এই বিষয়ে ইবনু মাসউদ, ছাওবান, মুআবিয়া, আনাস, আবূ হুরায়রা ও আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে। ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদিসটি গরীব। রাবী আবূ তুমায়লার নাম হল ইয়াহইয়া ইবনু ওয়াযিহ। আবূ হামযা আস সুক্কারীর নাম হল মুহাম্মাদ ইবনু মায়নূন। এই হাদিসটির অন্যতম রাবী জাবির ইবনু ইয়াযীদ আল জুফী (রহঃ) কে হাদিস বিশেষজ্ঞগণ যঈফ বলে রায় দিয়েছেন। ইমাম ইয়াহয়া ইবনু সাঈদ ও আবদুর রহমান ইবনু মাহদী (রহঃ) তাকে বর্জন করেছেন। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন ইমাম ওয়াকী বলেছেন, জাবির আল জুফী না হলে কূফাবাসীরা হাদিস বঞ্চিত হয়ে থাকত আর হাম্মাদ (রহঃ) না হলে কূফাবাসীরা থাকত ফিকহ বঞ্চিত।



English

Ibn Abbas narrated:

"The Prophet said: 'Whoever calls the Adhan for seven years, seeking reward for it, salvation from the Fire is written for him.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন